

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
(অর্থ ও বাজেট শাখা)
২৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি
www.dlrs.gov.bd

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীঃ-

সভার তারিখ ও সময় :	০৭-০৭- ২০১৯ খ্রি, তারিখ সকাল ১১.০০টা।
সভার স্থান :	পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ
সভাপতি :	জনাব মোঃ আনিছুল্জামান(পরিচালক প্রশাসন) ও টিম লিডার

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

১. জনাব মোঃ আবি আবদুল্লাহ, উপ-পরিচালক (প্রশাসন)	সদস্য
২. জনাব মোঃ আফজালুর রহমান, উপ-পরিচালক (জরিপ)	সদস্য
৩. জনাব মহঃ মনিরুজ্জামান, সেটেলমেন্ট অপারেশন-১	সদস্য
৪. জনাব মোঃ মোমিনুর রশীদ, জোনাল সেটেলমেন্ট অফিসার।	সদস্য
৫. জনাব মোঃ সাইফুল ইসলাম, প্রেস অফিসার, সেটেলমেন্ট প্রেস।	সদস্য
৬. জনাব সরদার মোস্তফা কামাল (সহঃ সেটেলমেন্ট অফিসার), পরিকল্পনা শাখা।	সদস্য
৭. জনাব এম. আলীম আখতার খান, উপ-পরিচালক (অর্থ ও বাজেট)	সদস্য/ ফোকাল পয়েন্ট

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার সূচনা করা হয়। অতঃপর সভাপতির অনুরোধে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপ-পরিচালক (অর্থ ও বাজেট), জনাব এম. আলীম আখতার খান আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার সূত্রপাত করেন।

আলোচ্যসূচী ১ : বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৯-২০

আলোচনা : ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপ-পরিচালক জনাব এম. আলীম আখতার খান মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত উদ্ভাবন পরিকল্পনা প্রণয়ন নির্দেশিকার উল্লেখযোগ্য অংশ পাঠ করে শোনান এবং তদালোকে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রণীত বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৯-২০ এর খসড়া উপস্থিত সদস্যদের বিবেচনার জন্য উপস্থাপন করেন। পর্যালোচনান্তে খসড়াটির কিছু পরিমার্জন করে চূড়ান্ত করা হয়।

সিদ্ধান্ত : এ অধিদপ্তরের ২০১৯-২০২০ এর বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা চূড়ান্ত করা হলো এবং তা বস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করা হলো। (পরিশিষ্ট-ক)

আলোচ্যসূচী ২ : ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী ধারনার তালিকা প্রণয়ন

আলোচনা : ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপ-পরিচালক জনাব এম. আলীম আখতার খান সভায় ২০১৯-২০ মেয়াদে অধিদপ্তরের উদ্ভাবনী ধারণার তালিকা চূড়ান্ত করা প্রয়োজন মর্মে প্রস্তাব করে বলেন যে এ অধিদপ্তরের উপ-পরিচালকবৃন্দ, প্রেস অফিসার ও জোনাল সেটেলমেন্ট অফিসারবৃন্দকে পরবর্তী ১ মাসের স্ব স্ব দপ্তর ও অধীনস্থ অফিস সমূহের মাধ্যমে উদ্ভাবনী ধারনার তালিকা করে তা প্রেরণ করার জন্য অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা যেতে পারে এ বিষয়ে সদস্যবৃন্দ একমত পোষণ করেন এবং প্রস্তাবমত অনুরূপ ব্যবস্থা নেয়ার সুপারিশ করেন।

সিদ্ধান্ত: এ অধিদপ্তরের উপ-পরিচালকবৃন্দ, প্রেস অফিসার ও জোনাল সেটেলমেন্ট অফিসারবৃন্দকে পরবর্তী ১ মাসের স্ব স্ব দপ্তর ও অধীনস্থ অফিস সমূহের মাধ্যমে উদ্ভাবনী ধারনার তালিকা করে তা প্রেরণ করার জন্য অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করার ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী ৩ : উদ্ভাবনী ধারণার উপর প্রশিক্ষণ /সেমিনার/ কর্মশালায় আয়োজন

আলোচনা : ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপ-পরিচালক জনাব এম. আলীম আখতার খান এ প্রসঙ্গে বলেন যে, ২০১৯-২০২০ অর্থ বছরে (ক). ২টি এক দিনের কর্মশালা/সেমিনার, (খ). ২০টি দুই দিনের উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ ও (গ). ২০টি দুই দিনের সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ আয়োজনের নির্ধারিত রয়েছে। এ বিষয়ে অধিদপ্তরের প্রশিক্ষণ সেলের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা যেতে পারে।

সিদ্ধান্ত: ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ২০১৯-২০২০ অর্থ বছরে (ক). ২টি এক দিনের কর্মশালা/সেমিনার, (খ). ২০জন কর্মকর্তার/ প্রশিক্ষার্থীর সমন্বয়ে দুই দিনের উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ ও (গ). ২০জন কর্মকর্তার/ প্রশিক্ষার্থীর সমন্বয়ে দুই দিনের সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হলো।

স্বাক্ষরিত/
মোঃ আনিছুল্জামান
পরিচালক (প্রশাসন)
ও
টিম লিডার
বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন মনিটরিং টীম
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

স্মারক নম্বর: ৩১.০৩.০০০০.০০২.১৮.০৬১.১৮-২৭৭/১

তারিখঃ-০৭-০৭- ২০১৯ খি।

অনুলিপি সদয় অবগতির জন্য:-

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (ভূমি রেকর্ড) / জরিপ/ প্রশাসন) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩. উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও বাজেট/ জরিপ/ সে: অপা:-১/২) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪. জোনাল সেটেলমেন্ট অফিসার (সকল), টাংগাইল/ফরিদপুর/যশোর/খুলনা/বরিশাল/নোয়াখালী/কুমিল্লা/সিলেট/বগুড়া/রংপুর/
৫. ঢাকা/ময়মনসিংহ/পাবনা/দিনাজপুর/জামালপুর/ চট্টগ্রাম।
৬. সেটেলমেন্ট অফিসার, দিয়ারা অপারেশন, ঢাকা।
৭. প্রেস অফিসার, সেটেলমেন্ট প্রেস, তেজগাঁও, ঢাকা।
৮. চার্জ অফিসার (সীমানা-১/২) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৯. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১০. উপ-পরিচালক (অর্থ ও বাজেট) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা ।
১১. অফিস নথি।


এম. আলীম আখতার খান
উপ-পরিচালক(অর্থ ও বাজেট)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা